

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৭৯

৯. কিতাবুস সালাত (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ আযানে তারজী ইকামতের বাক্য দুইবার করে বলার নির্দেশ প্রদান কেননা উভয়টি বৈধ ইখতিলাফ

ذِكْنُ الْأَمْرِ بِالتَّرْجِيعِ فِي الْأَذَانِ وَالتَّتْنِيَةِ فِي الْإِقَامَةِ إِذْ هُمَا مِنِ اخْتِلَافِ الْمُبَاح

আরবী

1679 - أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا هَمَّامٌ عَنْ عَامِرٍ الْأَحْوَلِ أَنَّ مَكْحُولًا حَدَّثَهُ أَنَّ عَبْدَ اللَّهِ بْنَ مُحَيْرِيزٍ حَدَّثَهُ: أَنَّ قَالَ: حَدَّثَهُ قَالَ: عَلَّمَنِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْأَذَانَ تِسْعَ عَشْرَةَ كَلِمَةً وَالْإِقَامَةَ سَبْعَ عَشْرَةَ كَلِمَةً الْأَذَانُ: (اللَّهُ أَكْبَرُ اللَّهُ أَنْ هَحَمَدًا رَسُولُ اللَّهِ أَشْهَدُ أَنْ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ حَيَّ عَلَى الْفَلَاحِ اللَّهُ أَكْبَرُ اللَّهُ أَكْبَرُ اللَّهُ أَكْبَرُ اللَّهُ أَنْ هَعَلَى الْفَلَاحِ اللَّهُ أَكْبَرُ اللَّهُ أَكْبَرُ اللَّهُ أَكْبَرُ اللَّهُ أَكْبَرُ اللَّهُ أَكْبَرُ اللَّهُ أَنْ اللَّهُ أَلْ اللَّهُ أَنْ اللَّهُ إِلَا اللَّهُ أَكْبَرُ اللَّهُ أَكْبَرُ اللَّهُ أَلْهُ إِلَا اللَّهُ أَلْهُ إِلَا اللَّهُ أَلْهُ إِلَا اللَّهُ أَلْهُ إِلَا اللَّهُ أَنْ اللَّهُ أَلْهُ إِلَا اللَّهُ أَلْهُ إِلَا اللَّهُ أَلْهُ إِلَا اللَّهُ أَلْهُ إِلَا اللَّهُ إِلَا اللَّهُ أَلْهُ إِللَهُ إِلَا اللَّهُ أَلْهُ إِلَهُ إِلَا اللَّهُ أَلُهُ اللَّهُ أَلْهُ أَلْهُ أَلْهُ اللَهُ إِلَا اللَّهُ أَلْهُ اللَّهُ أَلْهُ اللَّهُ أَلْهُ أَلُهُ أَلْهُ أَلُهُ أَلُهُ أَلْهُ أَلْهُ أَلْهُ أَلْهُ أَلْهُ أَلُهُ أَلْهُ أَلُهُ أَلُهُ أَلُهُ أَلْهُ أَلُهُ أَلُهُ أَلُهُ أَلُهُ أَلْهُ أَلْهُ أَلْهُ أَلُهُ أَل

وَالْإِقَامَةُ: (اللَّهُ أَكْبَرُ اللَّهُ أَكْبَرُ اللَّهُ أَكْبَرُ اللَّهُ أَكْبَرُ أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ أَشْهَدُ أَنْ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ حَيَّ عَلَى الصَّلَاةِ حَيَّ عَلَى الصَّلَاةِ حَيَّ عَلَى الصَّلَاةِ حَيَّ عَلَى الصَّلَاةُ اللَّهُ عَلَى الصَّلَاةُ اللَّهُ عَلَى الصَّلَاةُ اللَّهُ أَكْبَرُ اللَّهُ أَكْبَرُ لَا إِله إلا الله)

الراوي: أَبُو مَحْذُورَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1679 | خلاصة حكم المحدث: حسن صحيح ـ ((الإرواء)) (246)، (صحيح أبى داود)) (517).

বাংলা

১৬৭৯. আবু মাহযূরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে



আযানের বাক্য ১৯টি আর ইকামতের বাক্য ১৭টি শিক্ষা দিয়েছেন। আযানের বাক্য হলো:

"আল্লাহু আকবার আল্লাহু আকবার, আল্লাহু আকবার আল্লাহু আকবার, (আল্লাহ সবচেয়ে বড়। আল্লাহ সবচেয়ে বড়। আল্লাহ সবচেয়ে বড়। আল্লাহ সবচেয়ে বড়)

আশহাদু আল্-লা ইলাহা ইল্লাল্লাহ, আশহাদু আল্-লা ইলাহা ইল্লাল্লাহ; (আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বৃদ নেই। আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বৃদ নেই।)

আশহাদু আরা মুহাম্মাদার রাসূলুল্লাহ, আশহাদু আরা মুহাম্মাদার রাসূলুল্লাহ, (আমি সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর রসূল। আমি সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর রসূল।)

হাইয়া 'আলাস সালাহ, হাইয়া 'আলাস সালাহ, (এসো সালাতের দিকে। এসো সালাতের দিকে।)

হাইয়া 'আলাল ফালাহ, হাইয়াা 'আলাল ফালাহ, (এসো সফলতার দিকে। এসো সফলতার দিকে।)

আল্লাহু আকবার, আল্লাহু আকবার, (আল্লাহু সবচেয়ে বড়, আল্লাহু সবচেয়ে বড়।)

লা ইলাহা ইল্লাল্লাহ (আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বৃদ নেই)।"

ইকামত হলো, "আল্লাহু আকবার আল্লাহু আকবার, (আল্লাহ সবচেয়ে বড়, আল্লাহ সবচেয়ে বড়) আল্লাহু আকবার আল্লাহু আকবার, (আল্লাহ সবচেয়ে বড়, আল্লাহ সবচেয়ে বড়) আশহাদু আল্-লা ইলাহা ইল্লাল্লাহ, (আমি সাক্ষয দিচ্ছি যে, আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বৃদ নেই) আশহাদু আল্-লা ইলাহা ইল্লাল্লাহ, (আমি সাক্ষয দিচ্ছি যে, আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বৃদ নেই) আশহাদু আলা মুহাম্মাদার রাস্লুল্লাহ, (আমি সাক্ষয দিচ্ছি যে, মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর রসূল) আশহাদু আলা মুহাম্মাদার রাস্লুল্লাহ, (আমি সাক্ষয দিচ্ছি যে, মুহাম্মাদ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর রসূল) হাইয়াা 'আলাস সালাহ, হাইয়াা 'আলাস সালাহ, (এসো সালাতের দিকে, এসো সালাতের দিকে) হাইয়াা 'আলাল ফালাহ, হাইয়াা 'আলাল ফালাহ (এসো সফলতার দিকে, এসো সফলতার দিকে) কাদ কামাতিস সালাহ, কাদ কামাতিস সালাহ (সালাতের সময় হয়েছে, সালাতের সময় হয়েছে), আল্লাহু আকবার আল্লাহু আকবার, (আল্লাহ সবচেয়ে বড়, আল্লাহ সবচেয়ে বড়) লা ইলাহা ইল্লাল্লাহ (আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বৃদ নেই)।"[1]

ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/২০৩; ইবনু মাজাহ: ৭০৯; মুসনাদ আহমাদ: ৩/৪০৯; আবূ দাউদ: ৫০২; তিরমিযী: ১৯২; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/১৩০; ইবনুল জারুদ: ১৬২; আত তায়ালিসী: ১৩৫৪; সুনান বাইহাকী: ১/৪১৬; সহীহ ইবনু খুযাইমাহ: ৩৭৭; সহীহ মুসলিম: ৩৭৯; নাসাঈ: ২/৪-৫।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৫১৭)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবু মাহযুরা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন